গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
(শাখা-০৩)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১২.২৫.০০১.২৫.৭১২ তারিখ: ০২/০৬/২০২৫ খ্রিঃ

**বিষয় : টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে ভর্তির প্রাথমিক মনোনয়ন প্রসঙ্গে।**

সূত্র : ক) টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের ২২/০৪/২০২৫ খ্রিঃ তারিখের ৫৭.০৩.০০০০.২০০.৯৯.১১০.২৫.১৭৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের নিম্ন তালিকায় বর্ণিত শিক্ষকগণ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ২(দুই) বৎসর মেয়াদী বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন কোর্সে ইন-সার্ভিস প্রশিক্ষণার্থী হিসেবে ভর্তির জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষের মাধ্যমে আবেদন করায় নিম্নবর্ণিত শর্তানুযায়ী আবেদনকারী শিক্ষাকগণকে প্রাথমিক মনোনয়ন দেয়া হলো।

| ক্রঃ নং | নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | কর্মস্থল | কোর্সের নাম |
|---|---|---|---|
| ১. | জনাব সুজায়েত হোসেন<br>ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট<br>(টেক/মেকানিক্যাল) | ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট | বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন<br>(মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) |
| ২. | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল) | কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট | বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন<br>(ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং) |
| ৩. | জনাব মোহাম্মদ শাহনেওয়াজ<br>ওয়ার্কসপ সুপারিনটেনডেন্ট<br>(টেক/রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) | ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট | বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন<br>(মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) |
| ৪. | জনাব হাফিজ আল আসাদ<br>ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল) | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট | বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন<br>(মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) |
| ৫. | জনাব মাহমুদা নাজনীন সুমি<br>ইনস্ট্রাক্টর (টেক/ইলেকট্রনিক্স) | শরীয়তপুর পলিটেকনিক ইনস্টিটিউট | বিএসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন<br>(ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং) |

শর্তাবলী :

(ক) চূড়ান্ত মনোনয়নের পূর্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ড ও অঙ্গীকারনামা প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট কর্তৃক সত্যায়নপূর্বক মূলকপি স্ব স্ব প্রতিষ্ঠানের অধ্যক্ষের মাধ্যমে এ অধিদপ্তরে প্রেরণ করতে হবে। বন্ড ও অঙ্গীকারনামা যথাসময়ে পাওয়া না গেলে চূড়ান্ত মনোনয়ন প্রদান করা হবে না।

(খ) ০৩ (তিন) মাস পর পর উচ্চশিক্ষা গ্রহণের অগ্রগতি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

(গ) নির্ধারিত সময়সীমার মধ্যে কোর্স সম্পন্ন করতে হবে।

(ঘ) কোর্সে অধ্যয়নকারীগণের ক্ষেত্রে সরকারি কর্মচারীদের জন্য প্রযোজ্য এবং এ সংক্রান্ত প্রচলিত সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।

(ঙ) কোর্স চলাকালীন শিক্ষক/কর্মকর্তাগণ নিজ নিজ কর্মস্থল হতে বেতন-ভাতাদি উত্তোলন করবেন।

(চ) কোর্স সম্পন্ন করার পর শিক্ষকগণ টিটিটিসি হতে অব্যাহতি গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগদানপত্র দাখিল করে এ অধিদপ্তরকে অবহিত করবেন।

(ছ) কোর্স চলাকালীন কোনক্রমেই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যাতিরেকে শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠানে পার্ট-টাইম কাজে অংশগ্রহণ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-
মোঃ মাহবুবুর রহমান)
সহকারী পরিচালক-৩

অধ্যক্ষ
টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.২৫.০০১.২৫-৭১২ তারিখ: ০২/০৬/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

১। অধ্যক্ষ, ........................................... পলিটেকনিক ইনস্টিটিউট, .......................................;
২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক................................................;
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার.............................;

৫। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ..........................................;
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। মহাপরিচালকের ব্যাক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। জনাব......................................................................................................................;
৯। সংশ্লিষ্ট নথি।

০২/০৬/২৫

(মোঃ মাহবুবুর রহমান)
সহকারী পরিচালক-৩
dtead3.2013@gmail.com